

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা
আত্রাই, নওগাঁ।



স্মারক নং ৫১.০১.৬৪০৩.০১৪.০৮.৩৯৫.২০-

১৫৮ (৮)

তারিখ:- ০৯/০৪/২০২০ খ্রি:।

বিষয় : করোনা ভাইরাস ও দুর্যোগ পরিস্থিতি মোকাবেলা ত্রাণ সামগ্রী বিতরণের লক্ষ্যে অগ্রাধিকার তালিকা দাখিল করণ।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের এর স্মারক নং-৫১.৪৩.০০০০.৫৪১.১৪.০০৯.১৮-১৫৭ তারিখঃ ২৯/০৩/২০২০ খ্রিঃ।
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের এর স্মারক নং-৫১.৪৩.০০০০.৫৪১.১৪.০০৯.১৮-১৬৩ তারিখঃ ০২/০৪/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী সারাদেশে করোনা ভাইরাস কারণে যে সকল কর্মজীবী মানুষ কর্মহীন হয়ে খাদ্য সমস্যায় আছে সে সকল কর্মহীন লোক (যেমন-ভিক্ষুক, ভবঘুরে, বয়স্ক ব্যক্তি, দিন মজুর, রিক্সা চালক, ভ্যান গাড়ী চালক, পরিবহণ শ্রমিক, রেষ্টুরেন্ট শ্রমিক, ফেরীওয়ালা, চায়ের দোকানদার) যারা দৈনিক আয়ের ভিত্তিতে সংসার চালায় তাদের তালিকা করে ত্রাণ সামগ্রী বিতরণের নিদেশনা প্রদান করেছেন। সে আলোকে ইতোমধ্যে দুই দফায় ত্রাণ সামগ্রী বিতরণ কাজ সু-সম্পন্ন হয়েছে। করোনা ভাইরাস পরিস্থিতি অবনতি হওয়ায় কর্মহীন মানুষের সংখ্যা বেড়ে যাচ্ছে। ভবিষ্যতে ত্রাণ সামগ্রী বিতরণের লক্ষ্যে প্রকৃত কর্মহীন মানুষের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা অবশ্যক। এখানে আরো বিশেষভাবে উল্লেখ্য যে সকল নিম্ন আয়ের মানুষসহ যারা লাইনে দাড়িয়ে ত্রাণ নিতে সংকোচ বোধ করেন এমন ব্যক্তিদের তালিকার অন্তর্ভুক্ত করতে হবে। প্রস্তুতকৃত তালিকা হতে পর্যায়ক্রমে ত্রাণ সামগ্রী বিতরণ করতে হবে।

এমতাবস্থায় উপর্যুক্ত ত্রাণ সামগ্রী সত্যিকারের প্রাপ্যতা রয়েছে এমন পরিবারকে তালিকায় অন্তর্ভুক্ত করতে এবং দ্বৈততা পরিহার পূর্বক একটি স্বচ্ছ তালিকা প্রস্তুতের নিমিত্ত ইউনিয়ন কমিটি ও ওয়ার্ড কমিটির মধ্যে সমন্বয়ের মাধ্যমে সঠিক তালিকা প্রস্তুত করে সত্যিকারের কর্মহীন মানুষের অগ্রাধিকার তালিকা প্রস্তুত অস্তে আগামী ১২/০৪/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে প্রস্তুতকৃত তালিকার দুই প্রস্থ এ অফিসের ত্রাণ শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর: ১৫/৪

চেয়ারম্যান

.....(সকল)ইউনিয়ন পরিষদ
আত্রাই, নওগাঁ।

১৫/৪/২০২০

মোঃ ছানাউল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
আত্রাই, নওগাঁ।

১৫/৪/২০২০

স্মারক নং ৫১.০১.৬৪০৩.০১৪.০৮.৩৯৫.২০- ১৫৮/১(১১)

তারিখ:- ০৯/০৪/২০২০ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

- ০১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ৫১ নওগাঁ- ৬, (আত্রাই-রাণীনগর)
- ০২। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৩। চেয়ারম্যান আত্রাই উপজেলা পরিষদ, আত্রাই, নওগাঁ।
- ০৪। উপজেলা অফিসার ও ইউনিয়নের ট্যাগ অফিসার আত্রাই, নওগাঁ।

১৫/৪/২০২০

মোঃ ছানাউল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
আত্রাই, নওগাঁ।

১৫/৪/২০২০